JAN. 17 2001

### ছাত্রদল ও ছাত্রলীগের ক্যাডার বাহিনীর হুমকি

# জগন্নাথ কলেজে অনার্স প্রথম বর্ষে ভর্তি কার্যক্রম বন্ধ

**নিজস্ব বার্তা পরিবেশক :** ছাত্রলীগ ও ছাত্রদলের ক্যাডার বাহিনীর হুমকির মুখে সরকারি জগন্নাথ কলেজে স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি বন্ধ করে দেয়া হয়েছে। গত সোমবার ক্যাডার বাহিনী অবৈধ ভর্তির দাবিতে ইসলামের ইতিহাস বিভাগ ভাঙচুর করেছে। এরই জের হিসেবে গতকাল মঙ্গলবার এ পদক্ষেপ নেয়া হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, স্নাতক সম্মান শ্রেণীর ভর্তির অপেক্ষমাণ তালিকায় ছাত্র সংগঠনগুলো অবৈধ ভর্তির দাবি করেছে। তারা প্রতিটি বিভাগে গিয়ে তাদের চাহিদামতো ভর্তি ফরম দেয়ার জন্য শিক্ষকদের ওপর চাপ সৃষ্টি করছে। শিক্ষকরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়মের বাইরে কোন ছাত্রকে ভর্তি করতে অনীহা প্রকাশ করছেন। এতে ক্যাডার বাহিনী ক্ষিপ্ত হয়ে শিক্ষকদেরকে অকথ্য ভাষায় গালাগাল করে। তারা ইংরেজি বিভাগ, বাণিজ্য অনুষদ ও কলা বিভাগে ঢুকে শিক্ষকদের ওপর চাপ সৃষ্টি করে। শিক্ষকরা ছাত্রনেতা ও ক্যাডার বাহিনীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নয়া নিয়ম স্মরণ করিয়ে দেন। ক্যাডাররা নিয়মনীতির তোয়াক্কা না করে জোর করে তাদের পছন্দসই ছাত্র ভর্তির চেষ্টা করে। তাদের চেষ্টা ব্যর্থ হওয়ায় তারা অসহায় শিক্ষকদেরকে হুমকি দেয়। এ সময় তারা সেমিনার ও বিভাগীয় চেয়ারম্যানদের কক্ষের দরজায় লাথি মারে এবং কাচ ভাঙচুর করে। চাপের মুখে গতকাল কয়েকটি বিভাগ ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দেয়।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক জানান, কলেজের বেশিরভাগ বিভাগে ভর্তি বন্ধ। তবে ২/১টি বিভাগ গোপনে মেধা তালিকায় উত্তীর্ণ ছাত্রদেরকে সুযোগ বুঝে কিছু ফরম দিয়েছে। এ নিয়ে জগন্নাথ কলেজ ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে।